মিরপুরে নবাব সিরাজউদ্দৌলা কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান

কুষ্টিয়ার মিরপুরে নবাব সিরাজউদ্দৌলা কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে কলেজ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক ও কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি আহাম্মদ আলী।

কলেজের অধ্যক্ষ মোঃ ফরিদ উদ্দিনের সভাপতিত্বে প্রধান আলোচকের বক্তব্য রাখেন ইসলামি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রফেসর ড. মোহাম্মদ জহুরুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন বারুইপাড়া ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা খন্দকার ছানাউল্লাহ।

কলেজের বাংলা বিভাগের প্রভাষক মুজতবা কামালের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিদ্যুৎসাহী সদস্য উফান আলী মেম্বার, কলেজের অর্থনীতি বিভাগের প্রভাষক হামিদুল ইসলাম, মশান মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মজিদ, বলিদাপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিরোজ আলম স্বপন, ছত্রগাছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খায়রুজ্জামান, মশান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হামিদা খাতুন (মলিনা), হাজরাহাটি যৌথ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বশির আহমেদ, কেএসএস নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অমল কুমার বিশ্বাস, তেঘরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোজিনা পারভীন, বীর মুক্তিযোদ্ধা জহুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আজিবার রহমান, বীর মুক্তিযোদ্ধা রেজন আলী, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রমোশন অফিসার ইমাম মেহেদী, ট্রাষ্টি সদস্য জুলফিকার প্রমুখ।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন প্রথম বর্ষের শিক্ষার্থী হৃদয় আলী এবং বিদায়ী শিক্ষার্থী সুলতান আহমেদ।

অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলাওয়াত করেন কাউসার আলী।

এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তারা বলেন, বর্তমান সরকার শিক্ষা বান্ধব সরকার। আধুনিক শিক্ষার সাথে তাল মিলিয়ে দক্ষভাবে শিক্ষার্থীদের গড়ে উঠতে হবে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে শিক্ষার্থীদের ব্যাপক ভূমিকা পালন করতে হবে বলেও জানান তাঁরা।

বক্তারা আরও বলেন, মাদক থেকে দূরে থাকতে হবে, মেধা মননশীলতায় কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে নিজেকে দক্ষ হয়ে মানবিক মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে। তাই শিক্ষা অর্জনের পাশাপাশি মানবিক মানুষ হিসেবে নিজেদের জীবন গড়ে তুলতে তারা শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। এছাড়া আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার বিভিন্ন বিষয়ের উপর বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপদেশ মুলক বিভিন্ন বক্তব্য প্রদান করেন অতিথিবৃন্দ।

অনুষ্ঠান শেষে রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পরীক্ষার্থীদের জন্য ক্লিয়ার ফাইল, কলম, নোট ও স্কেল হিসেবে প্রদান করা হয়।